**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 12-12-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Panchayeti Raj Award :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল  নতুন দিল্লির বিজ্ঞান ভবনের প্লেনারি হলে পঞ্চায়েতি রাজ মন্ত্রক আয়োজিত এক অনুষ্ঠানে, ২০২৪ সালের জাতীয় পঞ্চায়েত পুরস্কার প্রদান করেন। অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, ভারতকে একটি উন্নত জাতি হিসেবে গড়ে তোলার জন্য গ্রাম ও গ্রামবাসীর উন্নয়ন ও ক্ষমতায়ন গুরুত্বপূর্ণ। তিনি বলেন যে একটি উন্নত ভারতের ভিত্তি শুধুমাত্র আত্মনির্ভরশীল এবং সক্ষম স্থানীয় সংস্থাগুলির মাধ্যমে তৈরি করা যেতে পারে। এবছর বিভিন্ন বিভাগে ৪৫টি পুরস্কার দেয়া হয়। এর মধ্যে, ত্রিপুরা মোট ৭টি পুরস্কার জিতেছে। ত্রিপুরার গোমতি জেলা দেশের সেরা জেলা পঞ্চায়েতগুলির মধ্যে নানাজি দেশমুখ সর্বোত্তম পঞ্চায়েত সতত বিকাশ পুরস্কার পেয়েছে এবং এর পুরস্কার মূল্য ৫ কোটি টাকা। সেরা ব্লক পঞ্চায়েত বিভাগে সারা দেশে দ্বিতীয় সেরা  হিসেবে পুরস্কৃত হয়েছে অমরপুর আরডি ব্লক, পুরস্কার মূল্য ১ কোটি ৭৫ লক্ষ টাকা ।রূপাইছড়ি ব্লকের অধীন মনুবঙ্কুল ভিলেজ কমিটি দেশের সেরা মহিলা-বান্ধব পঞ্চায়েত হিসেবে দীনদয়াল উপাধ্যায় পঞ্চায়েত সতত বিকাশ পুরষ্কার পায়, এর পুরস্কার মূল্য ১ কোটি টাকা ।কার্বন নিরপেক্ষ পঞ্চায়েত বিভাগে দেশের মধ্যে দ্বিতীয় সেরা হিসেবে পুরস্কৃত হয়েছে অমরপুর আর ডি ব্লকের থাকছড়া গ্রাম পঞ্চায়েত, এর পুরস্কার মূল্য ৭৫ লক্ষ টাকা। কুমারঘাট ব্লকের বেতছড়া গ্রাম পঞ্চায়েত, সারা দেশে দারিদ্র্য বিমোচন ক্ষেত্রে তৃতীয় হয়েছে। পুরস্কার মূল্য ৫০ লক্ষ টাকা । অমরপুর আর ডি ব্লকের অধীন

রাজকাং ভিলেজ কমিটি শিশু-বান্ধব পঞ্চায়েত গঠনে তৃতীয় হওয়ার জন্য, ৫০ লক্ষ টাকার পুরস্কার দেয়া হয়।

পর্যাপ্ত জল সমৃদ্ধ গ্রাম বিষয়ে দেশের মধ্যে তৃতীয় সেরা হিসেবে দীনদয়াল উপাধ্যায় পঞ্চায়েত সতত বিকাশ পুরষ্কার পেয়েছে অমরপুর ব্লকের দেববাড়ি গ্রাম পঞ্চায়েত। এজন্য ৫০ লক্ষ টাকার পুরস্কার দেয়া হয়।

*************************

**Hackathon :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল বলেছেন  ভারত ডিজিটালভাবে বৃহৎ পরিসরে সংযুক্ত হচ্ছে সেইসঙ্গে  সাইবার অপরাধের হুমকিও ক্রমাগত বাড়ছে। ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন 2024-এর গ্র্যান্ড ফিনালেতে তরুণ উদ্ভাবকদের সঙ্গে কথা বলার সময় প্রধানমন্ত্রী বলেন ভারত বিশ্বের শীর্ষস্থানীয় ডিজিটাল অর্থনীতিগুলির মধ্যে একটি। তরুণ উদ্ভাবকদের প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, তাদের সমাধানগুলি ভারতের ভবিষ্যতের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং তা লক্ষ লক্ষ মানুষের জীবনকে পরিবর্তন করতে পারে।  তিনি বলেন যখন দেশ নতুন চ্যালেঞ্জের মুখোমুখি হয়, তখন তরুণ উদ্ভাবকরা অসাধারণ সমাধান নিয়ে আসে। উল্লেখ্য, দেশের ৫১টি নোডাল কেন্দ্রে গতকাল সপ্তম স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথনের সূচনা হয়েছে। শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান ভার্চুয়াল মাধ্যমে এর উদ্বোধন করেন।

******************************

**Prashasan Gaon Ki Ore :**

আসন্ন সুশাসন সপ্তাহ পালনের অঙ্গ হিসাবে "প্রশাসন গাঁও কি ওর" অভিযানকে সফল করতে গতকাল  কৈলাশহরে জেলাশাসক কার্যালয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা সহ মহকুমা শাসক ও বিডিওগণ। বৈঠকে সিদ্ধান্ত হয়, ১৯ থেকে ২৪শে ডিসেম্বর ঊনকোটি জেলায় সুশাসন

সপ্তাহ পালন করা হবে। এতে থাকবে প্রশাসনিক শিবির, কর্মশালা প্রভৃতি । পাশাপাশি, আগামী জানুয়ারি মাস থেকে প্রতিমাসে বিভিন্ন দপ্তরের ব্যবস্থাপনায় দু'টি করে রক্তদান শিবিরের আয়োজন করা হবে।

***************************

**Bande Bharat sleeper :**

প্রথমবারের মতো দেশীয়ভাবে ডিজাইন করা এবং দ্রুত গতির বন্দে ভারত স্লিপার ট্রেনের নমুনা বা প্রোটোটাইপের পরীক্ষা নিরীক্ষা চলছে। কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব গতকাল লোকসভায় প্রশ্নোত্তরকালে জানান দশটি বন্দে ভারত স্লিপার প্রোটোটাইপ তৈরি করা হচ্ছে। চেন্নাইয়ের ইন্টিগ্রাল কোচ ফ্যাক্টরি এই ৫০টি বন্দে ভারত স্লিপার রেকের উৎপাদন শুরু করবে। এছাড়াও, প্রযুক্তি অংশীদারদের দ্বারা আরো ২০০টি স্লিপার রেক তৈরি করা হবে। বন্দে ভারত স্লিপার ট্রেনগুলি দীর্ঘ- এবং মাঝারি-দূরত্বের যাত্রার জন্য পরিকল্পনা করা হয়েছে।

***************

**Rajyo Bhittik Natyo Utsob :**

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায় গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে তথ্য সংস্কৃতি দপ্তর আয়োজিত ১৪ দিনব্যাপী রাজ্য ভিত্তিক নাট্য উৎসবের উদ্বোধন করেন। তিনি বলেন, নাটকের বিষয়গুলি সমাজের সমস্যা সম্পর্কিত হওয়া দরকার। নাটক, সমাজ সচেতনতামূলক হওয়ার পাশাপাশি, নতুন প্রজন্মের উপযোগী হওয়া দরকার বলেও তিনি অভিমত ব্যক্ত করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব মানিক দত্ত প্রমুখ। রাজ্য ভিত্তিক এই নাট্য উৎসবে বিভিন্ন জেলা থেকে মোট ৩৪টি দল অংশগ্রহণ করেছে ।

****************

**Bhasa Diwas-Dhalai :**

বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে গতকাল আমবাসা টাউন হলে রাজ্যভিত্তিক ভারতীয় ভাষা দিবস উদযাপন করা হয়। উদ্বোধন করেন ধলাই জিলা পরিষদের সভাধিনেত্রী সুস্মিতা দাস। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, ভারতে যেমন নানা ভাষা রয়েছে তেমনি প্রত্যেকটি জাতিগোষ্ঠীর জন্য নানা পরিধান এবং পৃথক কৃষ্টি সংস্কৃতি রয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আমবাসা পুরপরিষদের চেয়ারপার্সন প্রতিমা মালাকার, জেলা শিক্ষা আধিকারিক যতন কুমার দেববর্মা প্রমুখ । উল্লেখ্য, কবি সুব্রামানিয়াম ভারতীর জন্মবার্ষিকী, ভারতীয় ভাষা দিবস হিসেবে উদযাপন করা হয়।

*************************

**Kathia Baba College :**

শিল্প ও বাণিজ্য রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা গতকাল মোহনপুর মহকুমার তুলাবাগানে কাঠিয়াবাবা মিশন স্কুল প্রাঙ্গণে কাঠিয়াবাবা ব্যাম্বু টেকনোলজি ও ম্যানেজমেন্ট কলেজের শিলান্যাস করেন। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, বাঁশকে কেন্দ্র করে যে কলেজ স্থাপিত হবে সেটা আগামীদিনে ত্রিপুরার কারুশিল্পে উদ্যোগীদের জন্য এক নতুন দিগন্তের সূচনা করবে। রাজ্যের ছেলেমেয়েরা আগামীদিনে এই কলেজ থেকেই বাঁশভিত্তিক শিল্প স্থাপনে জ্ঞান অর্জন করতে পারবে।অনুষ্ঠানে বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী, বন দপ্তরের প্রধান সচিব আর কে শ্যামল, প্রমুখ ।

*****************************

**Tinku Roy Press Meet :**

৬৮তম জাতীয় স্কুল গেমস'র অধীন অনূর্ধ্ব ১৭ বছর বয়সী বালিকাদের জুডো প্রতিযোগিতা আজ থেকে আগরতলার

এনএসআরসিসি কমপ্লেক্সে শুরু হচ্ছে । এই প্রতিযোগিতা চলবে আগামী ১৫ই ডিসেম্বর পর্যন্ত। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ দুপুর ১টায় প্রতিযোগিতার উদ্বোধন করবেন। গতকাল সচিবালয়ে একথা জানিয়েছেন রাজ্যের যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়। তিনি বলেন, এই প্রতিযোগিতায় সারা দেশের ২৭টি রাজ্য এবং চারটি অন্যান্য সংস্থা মিলিয়ে মোট ৩১টি দল অংশগ্রহণ করবে। সব মিলিয়ে প্রায় ৩৫০ জন প্রতিনিধি এই প্রতিযোগিতা উপলক্ষ্যে রাজ্যে আসছেন । মন্ত্রী বলেন, এজন্য পরিকাঠামোগত সব দিক দিয়ে প্রস্তুতি নেওয়া হয়েছে ।

**********************

**Vijay Merchant :**

ত্রিপুরা ও মিজোরামের মধ্যে বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলা গতকাল থেকে শুরু হয়েছে। কটকে অনুষ্ঠিত খেলায় টসে হেরে ব্যাট করতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৮৭ রান সংগ্রহ করে। জবাবে মিজোরাম প্রথম ইনিংসে দিনের শেষে ১ উইকেট হারিয়ে ২০ রান করে।

**********************

**আবহাওয়া :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৪ ডিগ্রীর কাছাকাছি । আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪.৩ ডিগ্রী সেলসিয়াস ।

রিপিট

Akashvani news-agartala

Akashvani news-agartala